দৈনিক ইনকিলাব

তারিখ 04 FEB 1997
পৃষ্ঠা ৩ কলাম ৪

16

# কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশন বিশ্লেষণ করে সুপারিশ করলে বাস্তবায়নে পদক্ষেপ নেয়া হবে

## –উন্মুক্ত ভার্সিটি ভিসি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম আমিনুল ইসলাম বলেন, ডঃ কুদরাত-ই-খুদা একজন মহান ব্যক্তি ছিলেন। শুধু এই শতাব্দী কেন, পরবর্তী শতাব্দীতেও জাতি এই কৃতী সন্তানকে স্মরণ করবে। তিনি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে কুদরাত-ই-খুদার নামে একটি কর্নার স্থাপনের দাবী মেনে নেন। তিনি বলেন, কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশন বিশ্লেষণ করে বিশেষজ্ঞগণ কোন সুপারিশমালা প্রণয়ন করলে তা বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হবে।

বাউবি'র গাজীপুর ক্যাম্পাসে গতকাল কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের আলোকে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় "সবার জন্য বিজ্ঞান"-এর অবস্থান পর্যালোচনা শীর্ষক এক সেমিনারে বক্তব্য দানকালে ভিসি এ কথা বলেন।

ভিসি অধ্যাপক এম আমিনুল ইসলামের সভাপতিত্বে এই সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন স্কুল অব এডুকেশনের সহকারী অধ্যাপিকা মনিরা হোসেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পদার্থ বিজ্ঞানী ডঃ আলী আজগর, পরিবেশ বিজ্ঞানী ডঃ এম আলী হোসেন, ডঃ শাহজাহান তপন, অধ্যাপক মোহাম্মদ আলী এবং স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডীন অধ্যাপক ডঃ মফিজ উদ্দিন আহমেদ। প্রেস বিজ্ঞপ্তি।